

বাংলাদেশে দূতাবাস খুলতে ফিনল্যান্ডকে অনুরোধ

- A Monitor Desk Report

Date: 09 April, 2025



ঢাকাঃ বাংলাদেশে ফিনল্যান্ডের দূতাবাস খোলার জন্য সেদেশের আন্ডার সেক্রেটারি অফ স্টেট (আন্তর্জাতিক বাণিজ্য) জার্নো সিরজালাকে অনুরোধ জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)।

মঙ্গলবার (৮ এপ্রিল) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ অফিসকক্ষে ফিনল্যান্ড সরকারের উচ্চ প্রতিনিধিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে স্বরাষ্ট্র উপদেষ্টা এ অনুরোধ করেন।

বৈঠকের শুরুতে রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে উপদেষ্টা বলেন, ফিনল্যান্ডের সঙ্গে বাংলাদেশের অত্যন্ত সুসম্পর্ক বিদ্যমান। বাংলাদেশের চলমান বিভিন্ন সংস্কার প্রক্রিয়ায় দেশটি সহযোগিতা করতে পারে। তাছাড়া দেশটিতে বাংলাদেশ থেকে আরও বেশি হারে দক্ষ ও শিক্ষিত জনশক্তি রপ্তানি করা প্রয়োজন। এক্ষেত্রে সহযোগিতার আশ্বাস দিয়ে আন্ডার সেক্রেটারি অফ স্টেট বলেন, ফিনল্যান্ডে প্রায় ৬ হাজার বাংলাদেশী অভিবাসী রয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক হচ্ছে শিক্ষার্থী। যারা দেশটির আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

উপদেষ্টা বলেন, বাংলাদেশে ফিনল্যান্ডের সরাসরি কোন দূতাবাস না থাকায় ভিসা প্রক্রিয়ায় জটিলতা ও দীর্ঘসূত্রিতা হচ্ছে। বর্তমানে ফিনল্যান্ড ভারতের নয়াদিল্লীতে অবস্থিত দূতাবাসের মাধ্যমে বাংলাদেশে তাদের কার্যক্রম চালাচ্ছে। ভিসা প্রক্রিয়া সহজীকরণ ও দু'দেশের পারস্পরিক সম্পর্ক আরও গভীরতর করার জন্য ঢাকায় ফিনল্যান্ডের একটি দূতাবাস খোলা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এ ব্যাপারে একমত পোষণ করে ফিনল্যান্ডের আন্ডার সেক্রেটারি অফ স্টেট বিষয়টি সেদেশের সরকারের উচ্চ পর্যায়ে পৌঁছে দেবেন বলে উপদেষ্টাকে আশ্বস্ত করেন।

লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেন, রোহিঙ্গা শরণার্থীরা মিয়ানমারের নাগরিক। মানবিক কারণে বাংলাদেশ প্রায় ১৩ লক্ষ রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। এখন সময় এসেছে তাদেরকে নিজ দেশে প্রত্যাবাসনের। এ ব্যাপারে তিনি ফিনল্যান্ড সহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতা কামনা করেন। উপদেষ্টা এসময় বাংলাদেশ থেকে আরও অধিক হারে তৈরি পোশাক আমদানি ও

বিনিয়োগের জন্য জান্নো সিরজালাকে আহ্বান জানান।

বৈঠকে উপস্থিত ছিলেন ফিনল্যান্ড পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার ইউনিটের পরিচালক ভেইক্কো কিলজুনেন, দক্ষিণ এশিয়ার টিম লিডার ভিল অ্যান্ডারসন, দিল্লিভিত্তিক ফিনল্যান্ডের অনাবাসিক রাষ্ট্রদূত কিমো লাহদেভির্তা এবং বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা।

-B